দৈনিক ইনকিলাব

তারিখ 25 MAY 1989
পৃষ্ঠা ... কলাম 6

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# হাসপাতাল ও মেডিকেল কলেজ স্বায়ত্তশাসিত সংস্থা হচ্ছে

—অধ্যাপক মতিন

দেশের সকল হাসপাতাল ও মেডিকেল কলেজ স্বায়ত্তশাসনের আওতায় আনা হচ্ছে। প্রথম পর্যায়ে ১ জুলাই থেকে সকল মেডিকেল কলেজ ও ১৯টি হাসপাতাল স্ব-শাসিত প্রতিষ্ঠান হিসেবে কাজ করবে।

স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপ-প্রধানমন্ত্রী অধ্যাপক এম, এ, মতিন গতকাল একথা বলেন। শেষ পৃঃ ১-এর কঃ দেখুন

## অধ্যাপক মতিন

প্রথম পৃষ্ঠার পর

তিনি মহাখালীতে নিপসম মিলনায়তনে হাসপাতাল ব্যবস্থাপনার ওপর তিন মাসের এক সার্টিফিকেট কোর্সের উদ্বোধন করছিলেন। স্বাস্থ্য অধিদপ্তর এই কোর্সের আয়োজন করেছে।

অধ্যাপক মতিন বলেন, দেশের স্বাস্থ্য ক্ষেত্রে মাইলফলকতুল্য এই যুগান্তকারী ও বৈপ্লবিক পদক্ষেপ গ্রহণ প্রেসিডেন্ট এরশাদের বিরল নেতৃত্বগুণেই সম্ভব হয়েছে। তিনি বলেন, স্বশাসিত সংস্থায় আসার সাথে সাথে হাসপাতাল ও মেডিকেল শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে জনগণের কাছে জবাবদিহি করতে হবে।